

বাজেটের ওপর  
আলোচনায়  
সংসদ সদস্যরা

## শিক্ষার ওপর করারোপ উন্নয়নবিরোধী

সংসদ রিপোর্টার

শিক্ষার ওপর ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে যে ১০ শতাংশ মূল্য সংযোজন কর আরোপ করা হয়েছে তা বর্তমান সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের বিরোধী বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের মুখ্য-সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ। বুধবার জাতীয় সংসদে ২০১৫-২০১৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। মাহবুবউল আলম হানিফ এ সময় শিক্ষার ওপর মূল্য সংযোজন কর আরোপের সিদ্ধান্ত প্রত্যাহারের আহ্বান জানান। তবে যেসব মানুষের মধ্যে কর ফাঁকি দেয়ার প্রবণতা রয়েছে, তাদের কাছ থেকে কর আদায় ও তাদের ধরে অতিরিক্ত জরিমানা আদায়ের প্রস্তাবকে স্বাগত জানান তিনি।

বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে না পারার জন্য বিনিয়োগ বোর্ডকে দায়ী করে হানিফ বলেন, এর দায় বোর্ডকেই নিতে হবে। বোর্ডকে চেলে সাজাতে হবে। কারণ এরা বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে পারছে না। ৬১টি আশাদা শিক্ষাঙ্গণ গড়ার পরিকল্পনাকে সম্ভব জানিয়ে তিনি বলেন, এটি বাস্তবায়ন হলে এখান থেকে ৪ হাজার কোটি ডলার আয় হবে— যা এবারের বাজেটের চেয়েও বেশি। আর এখানে কর্মসংস্থান হবে এক কোটি মানুষের। বাজেটে নারী উন্নয়নে বরাদ্দকৃত ৮০ কোটি টাকাকে বাড়িয়ে ৩০০ কোটি করারও পস্তাব করেন আওয়ামী লীগের এই নেতা।

এমআরপি নিয়ে সংসদে ফোভ : প্রবাসীদের মেশিন রিভাভেল পাসপোর্ট (এমআরপি) প্রদানের দায়িত্বপ্রাপ্ত কোম্পানির কাজের অগ্রগতি নিয়ে জাতীয় সংসদে ফোভ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সদস্য ইসরাফিল আলম। বুধবার বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, এমআরপি দেয়ার দায়িত্ব যাদের দেয়া হয়েছিল তাদের পারফর্ম্যান্স ভালো না। তারা প্রবাসীদেরকে সঠিকভাবে পাসপোর্ট দিতে পারছেন না। প্রবাসীদের জীবনকে তারা ছমকির মধ্যে ঠেলে দিয়েছেন। মন্ত্রণালয় থেকে এ ব্যাপারে ব্যবস্থা নেয়া প্রয়োজন।

আলোচনাকালে তিনি সংসদপক্ষে অষ্টম গুয়েজবোর্ড বাস্তবায়ন, দফাদার-চকিদারদের জন্য স্বতন্ত্র বেতন কাঠামো, নন-এমপিওভুক্ত স্কুল শিক্ষকদের ভাতা, ভেজাল খাদ্য রোধে ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।

বিরোধী দলের সমালোচনায় হাজী সেলিম : সংসদে বিরোধী দলের যথাযথ দায়িত্ব পালন নিয়ে তীব্র সমালোচনা করেন স্বতন্ত্র সংসদ সদস্য হাজী মো. সেলিম। তিনি বলেন, 'সংসদে বিরোধী দল থাকলেও আমাকেই বিরোধী দলের ভূমিকা পালন করতে হয়। আমি কালোকে কালো, সাদাকে সাদা বলি এ জন্য অনেকেই আমাকে বাঁকা চোখে দেখেন। বিরোধী দল তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করে না বলেই আমাকে বাধ্য হয়ে বিরোধী দলের ভূমিকা পালন করতে হয়।' বাজেটে অর্থনৈতিক অর্জন করার জন্য বরাদ্দ দেয়ার সিদ্ধান্তকে সম্ভব জানিয়ে হাজী সেলিম বলেন, অর্থনৈতিক অর্জন শিল্প খাতে বড় ধরনের পরিবর্তন আনবে।

হাজী মো. সেলিম আরও বলেন, মুক্তিযোদ্ধার জাতির শ্রেষ্ঠ সন্তান। একমাত্র শেখ হাসিনাই মুক্তিযোদ্ধাদের পক্ষে কাজ করেন। এছাড়া কিছু মন্ত্রী এমপিরাও আছেন মুক্তিযোদ্ধাদের কথা ভাবেন। বাকি অনেকেই এ নিয়ে মুখে কথা বললেও বাস্তবে কিছু করে না। আওয়ামী লীগ যখনই ক্ষমতায় আসে তখন মুক্তিযোদ্ধারা ভাবে আমাদের জন্য কিছু হবে। তাই সব মুক্তিযোদ্ধাদের ১০ হাজার টাকা ভাতা দেয়ার প্রস্তাব করেন তিনি।

ক্রিকেট জয়ে প্রধানমন্ত্রীর প্রশংসা জাপা এমপিরা : আলোচনায় অংশ নিয়ে জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য এবিএম রুহুল আমিন হাওলাদার ক্রিকেটে একের পর এক সাফল্য অর্জন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেছেন। তিনি বলেন, সব সরকারের আমলেই ক্রিকেট খেলা হয়েছে। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়ের মতো এত সাফল্য ক্রিকেটে কখনোই হয়নি। প্রধানমন্ত্রী ক্রিকেটকে ব্যাপক পৃষ্ঠপোষকতা ও সহযোগিতা দিয়ে আজকের পর্যায়ে নিয়ে এসেছেন।

এরপরই আলোচনায় অংশ নিয়ে ক্রিকেটে আজকের সাফল্যের জন্য বর্তমান সরকারের নানামুখী কর্মকাণ্ডের কথা তুলে ধরেন।